

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৫৫

উদয়পুর, ৯ নভেম্বর, ২০২৪

কিন্লায় রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন

উন্নত বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগের ফলে কমলার উৎপাদন বেড়েছে : কৃষিমন্ত্রী

কমলালেবু একটি অর্থকরী ফসল। কমলা চাষের মাধ্যমে আত্মনির্ভর হওয়ার যথেষ্ট সুযোগ রয়েছে। কিন্লা ব্লকের উত্তর বড়মুড়া এলাকা কমলা চাষের জন্য একটি আদর্শ জায়গা। আজ কিন্লা ব্লকের উত্তর বড়মুড়া ভিলেজ কার্যালয় প্রাঙ্গণে রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার কমলা চাষীদের পাশে আছে। উন্নত বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগের মাধ্যমে কমলার উৎপাদন গত বছরের থেকে ভালো হয়েছে। আগে জম্পুইতে কমলা উৎপাদন বেশি হলেও বর্তমানে কিন্লায় অনেক বেশি কমলা উৎপাদন হচ্ছে। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কৃষকরা হচ্ছেন আমাদের অন্নদাতা। কৃষকরাই আমাদের তিনবেলা খাবার যোগায়। কৃষকদের আর্থ সামাজিক মান উন্নয়নে রাজ্য সরকার কাজ করছে। এখন ত্রিপুরার আনারস, কাঁঠাল, লেবু, তেঁতুল, আদা, পান, হলুদ দুবাই, ইংল্যান্ড, জার্মানি ও কাতারে রপ্তানি হচ্ছে। তিনি বলেন, ড্রোন ব্যবহার করে কমলা গাছে কীটনাশক ছড়িয়ে দেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হবে। যাতে পোকাকার আক্রমণ থেকে কমলা গাছকে রক্ষা করা যায়।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক পাঠানলাল জমাতিয়া, কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায় প্রমুখ। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, সমাজসেবী জয়কিশোর জমাতিয়া, সমাজসেবী রতীন্দ্র জমাতিয়া প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ড. পি বি জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কিন্লা বিএসি'র চেয়ারম্যান বাগানহরি মলসমা। রাজ্যভিত্তিক কমলা উৎসবে মেলা প্রাঙ্গণে ৩০টি স্টল খোলা হয়েছে। কমলা উৎসব উপলক্ষে কমলাচাষীদের উৎসাহ প্রদানের জন্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় প্রথম হয়েছেন রাজেন্দ্র কলই। দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন সঞ্জিত কলই ও মেরিকন্যা কলই। উপস্থিত অতিথিগণ তাদের হাতে পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*